

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ মে ২০২২

সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট পরিদর্শনকালে ভারপ্রাপ্ত মেয়র মার্কেটের অবকাঠামোগত উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন আজ রোববার সকালে সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট পরিদর্শনে যান। তিনি বলেন, এই শহর আমার-আপনার সকলের। শহরকে সৌন্দর্য্য মণ্ডিত করার দায়িত্ব আমাদের সকলের। সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট নগরীর একটি অন্যতম আধুনিক বাণিজ্যিক বিপনী কেন্দ্র। এই বিপনী কেন্দ্রকে ঘিরে যারা ব্যবসা পরিচালনা করেন তারা সকলেই সমাজের প্রতিষ্ঠিত ব্যবসায়ী। দীর্ঘদিন থেকে এই বিপনী কেন্দ্রে কোন নির্বাচিত কমিটি না থাকায় সাধারণ ব্যবসায়ী ও ক্রেতা সাধারণ বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। ভারপ্রাপ্ত মেয়র বলেন, নির্বাচনের মাধ্যমে ব্যবসায়ীদের নেতৃত্ব প্রতিষ্ঠা করতে হবে। এই লক্ষ্যে চসিক প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলামকে প্রধান নির্বাচন কমিশনার, স্থানীয় কাউন্সিলর শেখ জাফরুল হায়দার চৌধুরীকে সদস্য সচিব ও শ্রম অধিদপ্তরের একজন প্রতিনিধিকে সদস্য করে একটি নির্বাচন কমিশন গঠন করা হয়। তিনি ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, এই সরকার ব্যবসা বান্ধব সরকার তাই সুযোগ সুবিধা ও ব্যবসায়িক পরিবেশ সৃষ্টিতে সরকারের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা প্রদান করা হচ্ছে। যে সকল ব্যবসায়ী মার্কেটের দোকান বুঝে নিয়েছেন কিন্তু বকেয়া টাকা পরিশোধ করেননি তাদেরকে অবিলম্বে বকেয়া পরিশোধের আহ্বান জানান। মার্কেটের অবকাঠামোগত উন্নয়ন কাজ এখনো সম্পন্ন করা হয়নি তা দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। এতে বক্তব্য রাখেন মার্কেটের প্রধান উপদেষ্টা মহানগর আওয়ামীলীগ নেতা আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু সহ অন্যান্য ব্যবসায়ী নেতৃবৃন্দ।

কাজীর দেউড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে নবনির্মিত শহীদ মিনার উদ্বোধন করলেন ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দীন বলেছেন, শহীদ মিনার হল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে নির্মিত স্মৃতিস্তম্ভ। বাঙালি জাতি একমাত্র জাতি যারা ভাষার জন্য প্রাণ দিয়েছেন এবং বুকের তাজা রক্ত ঝরিয়ে মাতৃভাষার সম্মান রক্ষা করেছেন। তাদের স্মৃতিকে অল্লাহ করে রাখার জন্যই যারা শহীদ মিনার নির্মাণ করেছেন তাদের সাধুবাদ জানাই। মনে রাখতে হবে তৎকালীন পাকিস্তান উপনিবেশ শাসনামলের রক্তচক্ষুকে উপেক্ষা করে যারা প্রাণ বিসর্জন দিয়েছেন তাদের শ্রদ্ধা জানাতে পারলেই আগামীর সুন্দর বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। আজ রবিবার সকালে নগরীর কাজীর দেউড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে নবনির্মিত শহীদ মিনার উদ্বোধন কালে তিনি একথা বলেন।

স্কুল পরিচালনা কমিটির সভাপতি আবু তাহেরের সভাপতিত্বে বক্তব্য রাখেন-স্কুল পরিচালনা পর্ষদের সদস্য আহিল সিরাজ, প্রধান শিক্ষক তপতী চক্রবর্তী, সহসভাপতি নুর বেগম সদস্য ফরিদা রহমান, রফিকুল আলম, মোহাম্মদ মঈনুদ্দীন, সেকান্দর কবির ও আবদুল জলিল প্রমুখ।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, করোনা পরবর্তী সময়ে ছাত্র-ছাত্রীদের জন্য পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টি ও জীবাণুনাশক ব্যবহার করে করোনা মোকাবেলায় সকলকে সচেতন থাকতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদের দীর্ঘ অনুপস্থিতির কারণে তাদের মানসিক বিকাশের জন্য বিনোদনের মাধ্যমে এবং সহযোগিতা মূলক পদ্ধতিতে পাঠদানের ব্যবস্থা নেয়ার অভিমত ব্যক্ত করেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি বাবদ
৩ লক্ষ ৬৭ হাজার ৯ শত ৩৫ টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে রাজস্ব সার্কেল-২ এর আওতায় চকবাজার চকভিউ মার্কেট, তেলিপট্টি রোড, কাপাসগোলা রোড ও লালচাঁন্দ রোড এলাকায় পরিচালিত অভিযানে ১ লক্ষ ৩৩ হাজার ২ শত ৩৫ টাকা বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ২০টি ট্রেড লাইসেন্স এর বকেয়া ফি বাবদ ১ লক্ষ ৩৯ হাজার ৫ শত ৭৫ টাকা এবং আয়কর ও ভ্যাট বাবদ ৯৫ হাজার ১ শত ২৫ টাকা আদায় করা হয়। এই সময় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করে লাইসেন্স ফি ফাঁকি দেওয়ার দায়ে ২ দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩